বাদ পড়া ২৬৭ জনের বেশিরভাগই চাকরিতে ফিরে আসবেন

written by Chandradip News24 | January 9, 2025

৪৩তম বিসিএস থেকে বাদ পড়া ২৬৭ জন প্রার্থীর মধ্যে বেশিরভাগই পুনরায় চাকরিতে যোগ দেওয়ার সুযোগ পাবেন বলে জানিয়েছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. মোখলেসুর রহমান।

বৃহস্পতিবার (৯ জানুয়ারি) দুপুরে বাদ পড়াদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য জানান।

তিনি বলেন, “বাদ পড়াদের পুনর্বিবেচনার আবেদন যাচাই-বাছাই করা হচ্ছে। তদন্ত শেষ হয়েছে। শিগগিরই বিষয়টি চূড়ান্ত করা হবে।”

মহার্ঘ ভাতার সিদ্ধান্ত:

এসময় সরকারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য মহার্ঘ ভাতা দ্রুত কার্যকর করার বিষয়েও আশ্বাস দেন সচিব মোখলেসুর রহমান। তিনি জানান, অর্থ মন্ত্রণালয়ের আওতায় থাকা এই ইস্যুতে ইতোমধ্যে দুটি মিটিং অনুষ্ঠিত হয়েছে। নতুন বাজেটের আগেই মহার্ঘ ভাতা কার্যকর হবে বলে আশা করছেন তিনি।

সচিব বলেন, “পূর্বে পেনশনভোগীরা মহার্ঘ ভাতা পেতেন না, কিন্তু

এবার তারাও এই সুবিধা পাবেন। মহার্ঘ ভাতার পরিমাণ ‘রিজনেবল’ হবে এবং এটি পরবর্তীতে বেসিক বেতনের সঙ্গে যোগ হবে।”

আসন্ন বাজেটের মধ্যে এটি কার্যকর হবে কি না এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, “৩০ জুনের মধ্যে এর বাস্তবায়ন হবে, সম্ভবত এর আগেই কার্যকর করা হবে ইনশাআল্লাহ।”

পারসেন্ট সংক্রান্ত বিষয়ে তিনি কোনো নির্দিষ্ট তথ্য দেননি। তবে অর্থ উপদেষ্টা বা অর্থ সচিব এ বিষয়ে বিস্তারিত বলতে পারবেন বলে জানান।

“মো: তুহিন হোসেন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম”